PNL

# বার্তা
আমরা মানের কথা বলি

একটি ত্রৈমাসিক প্রকাশনা / ৭ম সংখ্যা, মার্চ ২০১৯

ভেজাল পানির কারখানার বিরুদ্ধে কঠোর হবে সরকার ২

সুদৃশ্য ও উন্নতমানের ম্যাক্সওয়েল ওয়াটার হিটার ৪



মোঃ ইলিয়াস খান টুটুল
ট্যালেন্ট অব দি কোয়ার্টার
পাম্প বিক্রয়ে অসাধারণ অবদানের জন্য

## সম্পাদকীয়

স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। এই মাসে বিশ্বের বুকে বাংলাদেশ নামে যে নতুন স্বাধীন দেশের জন্ম হয়, কালের পরিক্রমায় সেই দেশ এগিয়ে গিয়েছে বহুদূর। স্বাধীনতার সুফলে শিক্ষা-দীক্ষা, ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতিতে অর্জিত হয়েছে অভূতপূর্ব সমৃদ্ধি। আমাদের এই সংখ্যায় থাকছে কক্সবাজারে অনুষ্ঠিত পিএনএল হোল্ডিংস লিমিটেডের সকল শো-রুম ব্যবস্থাপকদের অংশগ্রহণে "বার্ষিক শো-রুম সম্মেলন" নিয়ে বিস্তারিত সংবাদ। রয়েছে সকালে খালি পেটে পানি পানের উপকারিতা নিয়ে টিপস, ভেজাল পানির কারখানার বিরুদ্ধে সরকারের ব্যবস্থা নিয়ে বিশেষ ফিচার। আরো থাকছে, ঢাকায় হালদা ভ্যালির নতুন কর্পোরেট অফিস, নারায়নগঞ্জে নতুন শো-রুম চালু ও জব ফেয়ারে পিএনএল এর অংশগ্রহণসহ প্রতিষ্ঠানের বিভিন্ন সংবাদ। তাছাড়া পাম্প চালানোর টিপস ও প্রতিষ্ঠানের নতুন পণ্য ম্যাক্সওয়েল ওয়াটার হিটার নিয়ে রয়েছে পণ্য পরিচিতি।

## সকালে খালি পেটে পানি পানের উপকারিতা

সকালে উঠে খালি পেটে পানি পান করা উচিত। মূল কারণ হিসেবে বলা হয় যে এতে পেট পরিষ্কার হয়। কিন্তু তা ছাড়াও আরো বহু উপকারিতা রয়েছে -

- খালি পেটে পানি খেলে বাওয়েল মুভমেন্ট ভালো হয় এবং সহজে পেট পরিষ্কার হয়।
- সারা রাত ধরে যে রেচন পদার্থগুলো বা টক্সিনগুলো কিডনিতে জমা হয়, সকালে খালি পেটে পানি পান করলে সেই টক্সিনগুলো মলমূত্রের মাধ্যমে শরীর থেকে বেরিয়ে যায়।
- সকালে খালি পেটে পানি খিদে বাড়ায়। হজমশক্তিও বাড়ে।
- যারা ডায়েটের মাধ্যমে ওজন কমাতে চান, তারা অবশ্যই এই অভ্যাসটি বজায় রাখবেন কারণ যত বেশি পানি খাবেন তত হজম ভালো হবে এবং শরীরে বাড়তি ফ্যাট জমবে না।
- ঘুমের ক্লান্তি কাটিয়ে শরীরে নতুন শক্তির সঞ্চার হয়।
- শরীর থেকে যত টক্সিন দূর হবে ততই ত্বক উজ্জ্বল হবে। সবচেয়ে বেশি টক্সিন জমে রাতে, ঘুমোনোর সময়ে। তাই নিয়মিত সকালে খালি পেটে পানি খেয়ে শরীর থেকে টক্সিন দূর করলে ত্বক উজ্জ্বল হবে।
- সকালে খালি পেটে পানি খেলে তা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

## বার্ষিক শো-রুম সম্মেলন ২০১৯




পিএনএল হোল্ডিংস লিমিটেডের সকল শো-রুম ব্যবস্থাপকদের নিয়ে গত ১৮-১৯ শে ফেব্রুয়ারি কক্সবাজারের চার তারকা মানের হোটেল "দি কক্স টুডে" তে অনুষ্ঠিত হলো বার্ষিক সম্মেলন। সম্মেলনটির সার্বিক দিকনির্দেশনা ও সভাপতিত্ব করেন হেড অব সেলস জনাব শরীফ উদ্দিন আহমেদ। সম্মেলনটি বিকাল ৫ ঘটিকায় শুরু হয়ে রাত প্রায় ১২টায় সমাপ্ত হয়। সারা দেশ থেকে প্রায় ৩০ জন ব্যবস্থাপক সম্মেলনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে প্রতিটি ব্যবস্থাপককে প্রতিষ্ঠানের পক্ষ থেকে শুভেচ্ছা জানানো হয় এবং সম্মেলনের পরিচয়পত্র ও বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়।

দুইদিন ব্যাপী সম্মেলনের প্রথম দিন ১৮ই ফেব্রুয়ারি মূল পর্ব অনুষ্ঠিত হয়। ভবিষ্যত শোরুম কর্মপরিকল্পনা নিয়ে গঠনমূলক আলোচনা ও অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন হেড অব রিটেইল অপারেশন জনাব ইয়াছিন চৌধুরী। এরপর প্রকৌশলী জনাব ইমরান ইসলাম সানি প্রতিষ্ঠানের নতুন পণ্য বিখ্যাত "ম্যাক্সওয়েল ওয়াটার হিটার" সম্পর্কে বিস্তারিত বর্ণনা করেন। তারপর উর্ধ্বতন মানব সম্পদ ও প্রশাসন ব্যবস্থাপক জনাব মোঃ আরিফ উল্ল্যা "এসপেক্টস অব সেলফ মাস্টারি" শিরোনামে চমৎকার উদ্দীপনামূলক একটি কর্মশালা পরিচালনা করেন। তাঁর কর্মশালার মূল উদ্দেশ্য ছিল নিজের ভেতরের লুকায়িত প্রতিভাকে জাগ্রত করা। কর্মশালা পর্বের শেষে সম্মেলনের মূল পর্ব শুরু হয়। (বাকি অংশ ৪র্থ পৃষ্টায়)

## যেসব কারণে বৈদ্যুতিক পানির পাম্প চলেনা

- বৈদ্যুতিক সংযোগ সঠিকভাবে না থাকা
- ভোল্টেজ নির্দিষ্ট মানের থেকে অনেক কম থাকা
- মোটরের ওয়াইন্ডিং নষ্ট হওয়া বা মোটরের কয়েল পুড়ে যাওয়া
- মোটরের পাম্প সাইড কোন কিছু দ্বারা ব্লক থাকা
- পাম্পের ভিতরে ইমপেলার বা অন্য যন্ত্রাংশ ক্ষতিগ্রস্থ হয়ে ব্লক হওয়া
- ক্যাপাসিটর নষ্ট হওয়া

## জব ফেয়ারে পিএনএল




নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি করে দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানের কাজের গতি এবং উৎকর্ষ সাধনে প্রতিষ্ঠান সবসময় উৎসাহ দেয়। তারই ধারাবাহিকতায় ইউএস বাংলা এয়ারলাইন্স ও গ্রিন ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে রাজধানীর গ্রিন ইউনিভার্সিটি ক্যাম্পাসে গত ৩১ জানুয়ারি অনুষ্ঠিত জব ফেয়ারে পিএনএল হোল্ডিংস লিমিটেড অংশগ্রহণ করে। এই সময় প্রতিষ্ঠানের স্টলে চাকরী প্রত্যাশীদের প্রচুর আগ্রহ লক্ষ্য করা যায়।

## এযেডনিও লিমিটেডে নতুন কর্মকর্তা



এযেডনিও লিমিটেডের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং হেড অব ফিন্যান্স হিসেবে যোগদান করেছেন জনাব আসাদুর রহমান, ACMA। ১৪ বছরের বেশি কাজের অভিজ্ঞতালব্ধ জনাব আসাদুর রহমান এযেডনিওর সাথে যোগদানের পূর্বে বিভিন্ন খ্যাতনামা কোম্পানি ইয়ংওয়ান কর্পোরেশন, ওয়ারিদ টেলিকম, মোস্তাফা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এবং পিএইচপি ফ্যামিলিতে কর্মরত ছিলেন। এযেডনিও এর পক্ষ হতে আমরা তাকে স্বাগত জানাই এবং আশা করি যোগ্য নেতৃত্ব, গভীর দূরদৃষ্টি ও সঠিক সিদ্ধান্তের মাধ্যমে তিনি প্রতিষ্ঠানকে অনেক দূর নিয়ে যাবেন।

## বনসাই গাছে পানি



জাপানি নাগরিক ফুয়ুমি লিমুরার সংগ্রহ থেকে বেশ কিছু দামি বনসাই চুরি করে নিয়ে যায় একদল বনসাই চোর। তার মধ্যেই বিশ্বের সবচেয়ে দামি বনসাইটিও ছিল। এতে হতাশ লিমুরা চোরের উদ্দেশ্যে খোলা চিঠি লেখেন সামাজিক যোগাযোগ মাধ্যমে। তার আহবান - যিনি তার বাড়ির বাগানে ঢুকে পৃথিবীর সবচেয়ে দামি বনসাই গাছ নিয়ে গিয়েছেন, তিনি যেন নিয়মিত গাছটিকে পানি দিয়ে যত্ন করেন। বিশ্বের কোটি মানুষের হৃদয় ছুঁয়ে গেছে তার এই বার্তা। খবর সিএনএনের।

লিমুরা বলেন, 'এ যেন সন্তান হারানোর কষ্টের সমান। গাছটিকে যারা চুরি করেছে তারা যদি ঠিকমতো যত্ন না নেয় তা হলে এত দিনের কঠোর পরিশ্রম জলে যাবে'।

'আমি শুধু চাই যিনি বনসাই নিয়ে গিয়েছেন তিনি যেন এটাকে নিয়মিত যত্ন করেন এবং পানি দেন। এই সিম্পাকু বনসাইটি ৪০০ বছরের পুরনো। এর নিয়মিত যত্ন ও পানি প্রয়োজন। নিয়মিত যত্ন পেলে এই বনসাই অনির্দিষ্টকালের জন্য বেঁচে থাকতে পারে, বলেন গাছটির মালিক।

## ভেজাল পানির কারখানার বিরুদ্ধে কঠোর হবে সরকার

আমাদের পানি
amaderpani.org

মানহীন ও পান উপযোগী নয় এমন বোতলজাত ও বড় জারের খাবার পানি বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন।

শিল্প মন্ত্রণালয়ের 'পিওর ড্রিংকিং ওয়াটার ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ' এর সমন্বয় কমিটির নেতাদের সঙ্গে বৈঠকে অনুমোদনহীন ও নিম্নমানের খাবার পানির কারখানার সন্ধান পেতে এই খাতের ব্যবসায়ীদের সহযোগিতা চান তিনি। বৈঠকে মন্ত্রী বলেন, অচিরেই মানহীন বোতলজাত ও বড় জারের পানি বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বাজারে সুপেয় পানির অসাধু ব্যবসা নির্মূল এবং মানসম্মত পানি বাজারজাত করতে করণীয় বিষয় নিয়েও এই বৈঠকে আলোচনা হয় বলে মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়। মন্ত্রণালয়ের বৈঠকে অ্যাসোসিয়েশনের নেতারা মন্ত্রীকে জানান, লাইসেন্সবিহীন ও এলাকাভিত্তিক অবৈধ দখলদার পানি বিক্রেতাদের কারণে বাজারে মানসম্মত পানির ব্যবসা চ্যালেঞ্জের মুখে।

কম দামে নিম্নমানের পানিতে বাজার সয়লাব হওয়ার কারণে ভোক্তারা প্রতারিত হবার পাশাপাশি প্রকৃত ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলেও উদ্বেগ প্রকাশ করেন তারা। এর পরিপ্রেক্ষিতে ভেজাল, নিম্নমান ও লাইসেন্সবিহীন কোম্পানিগুলোর তালিকা মন্ত্রণালয়ে জমা দিতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান মন্ত্রী।

পাশাপাশি ভেজাল খাবার পানির বিরুদ্ধে দ্রুত বিশেষ অভিযান চালাতে রাষ্ট্রীয় মাননিয়ন্ত্রক সংস্থা বিএসটিআইকে আরও কঠোর হওয়ার নির্দেশ দেওয়া হবে বলেও জানান শিল্পমন্ত্রী হুমায়ূন।

## বার্ষিক শো-রুম সম্মেলন ২০১৯ (১ম পৃষ্ঠার বাকি অংশ)

সম্মেলনের উলেখযোগ্য বিষয় ছিল পেডরোলো এনকে লিমিটেডের সম্মানিত পরিচালক জনাব ইমরান খানের ভবিষ্যত দিকনির্দেশনা ও উদ্দীপনামূলক বক্তব্য। তিনি তাঁর বক্তব্যে পেডরোলো বাংলাদেশের শুরু, বর্তমান অবস্থা ও ভবিষ্যত নিয়ে বিশদ আলোচনা করেন। তিনি বলেন "দেশ এগিয়ে যাচ্ছে, পরিবর্তন হচ্ছে নতুন প্রজন্মের চাহিদা ও আন্তর্জাতিক প্রযুক্তি। আমাদেরকে এই সব চাহিদা ও প্রযুক্তি অনুধাবন করে যুগোপযুগী জ্ঞান আহরণ করে যুগের সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। আমরা প্রয়োজনে আমাদের সকল কর্মকর্তা ও কর্মচারীদের উন্নতমানের দেশী ও বিদেশী প্রশিক্ষণের ব্যবস্থা করবো।" পরিশেষে তিনি সকলকে পেডরোলো বাংলাদেশ ও পেডরোলো এসপিএ ইন্ডিয়ার অগ্রযাত্রায় ভূমিকা রাখায় ভূয়সী প্রশংসা করে ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিভিন্ন মানদন্ডের বিবেচনায় বাংলাদেশের সেরা শো-রুম হিসেবে উত্তরা শো-রুমের ইন-চার্জ জনাব মোঃ গোলাম রাব্বানী শরীফ এর হাতে সম্মাননা স্মারক ও প্রাইজমানি প্রদান করা হয়। ২য় অবস্থানরত কুড়িল ও মিরপুর শো-রুমকে যথাক্রমে সম্মাননা স্মারক ও প্রাইজমানি প্রদান করা হয়। সেলস চ্যাম্পিয়ন হিসেবে খ্যাতি অর্জন করে মগবাজার শো-রুম এবং সেলস রানার আপ হয় মনিপুরিপাড়া শো-রুম। বিজয়ী সকল শো-রুম ইনচার্জদের হাতে পুরস্কার তুলে দেন প্রতিষ্ঠানের সম্মানিত পরিচালক জনাব ইমরান খান, হেড অব সেলস জনাব শরীফ উদ্দিন আহমেদ, চিফ গভর্নেন্স অফিসার জনাব নুরউদ্দিন ইবনে রফিক, চিফ অপারেটিং অফিসার জনাব মোহাম্মদ আফজাল হামিদ, হেড অব রিটেইল অপারেশন জনাব ইয়াছিন চৌধুরী, ডিজিএম সার্ভিস জনাব আশরাফুজ্জামান, এজিএম সেলস জনাব তানভির আহমেদ ও উর্ধ্বতন মানব সম্পদ ও প্রশাসন ব্যবস্থাপক জনাব মোঃ আরিফ উল্ল্যা সহ প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ।

সম্মেলনের শেষ দিন ১৯শে ফেব্রুয়ারি সম্মানিত পরিচালক সকল ব্যবস্থাপকদের নিয়ে ইনানী বিচে একটি উপভোগ্য বিচ ফুটবল খেলার আয়োজন করেন। চারটি দল অংশগ্রহণের মাধ্যমে চূড়ান্ত পর্যায়ে একটি দলকে বিজয়ী ঘোষণা করা হয়। পরবর্তীতে একটি দল গঠন ও বিশ্বাস তৈরিমূলক দুটি খেলা অনুষ্ঠিত হয় যেখানে দুটি দল বিজয়ী হওয়ার গৌরব অর্জন করে। সকল বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন সম্মানিত হেড অব সেলস জনাব শরীফ উদ্দীন আহমেদ এবং হেড অব রিটেইল অপারেশন জনাব ইয়াসিন চৌধুরী। সম্মেলনের সার্বিক পরিচালনায় ছিল এযেডনিও লিমিটেড।

## পিএনএল এ্যালবাম



বক্তব্যরত প্রতিষ্ঠানের পরিচালক জনাব ইমরান খান



সম্মেলনে প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ



সম্মেলনে আনন্দঘন মুহুর্তে ব্যবস্থাপকরা



বিচ ফুটবল টুর্নামেন্ট

## নতুন শো রুম চালু




মানসম্পন্ন সেবা ও পণ্যের প্রতিশ্রুতি নিয়ে আমাদের প্রতিষ্ঠান গ্রাহকের আস্থা এবং ভালোবাসায় তেত্রিশ বছরের অধিক সময় ধরে সুনামের সাথে এগিয়ে চলছে। গ্রাহকের দোরগোড়ায় আমাদের সব পণ্য এবং সেবা সহজে পৌঁছে দেয়ার লক্ষ্যে সম্প্রতি নারায়ণগঞ্জে চালু হলো ২৬তম পিএনএল ডিসপ্লে এন্ড সেলস সেন্টার। এখান থেকে গ্রাহকরা অত্যাধুনিক প্রযুক্তির পণ্য কিনে সহজেই বিক্রয় পরবর্তী সেবা উপভোগ করতে পারবেন।

## পণ্য পরিচিতিঃ ম্যাক্সওয়েল ওয়াটার হিটার




**গরম পানির চাহিদা মেটাতে সুদৃশ্য ও উন্নতমানের ম্যাক্সওয়েল ওয়াটার হিটার**

গ্রাহকের প্রয়োজনীয়তাকে উপলব্ধি করে পানির পাম্প বাজারজাতের পাশাপাশি পেডরোলো এনকে লিমিটেড দেশের বাজারে নিয়ে এসেছে বিশ্বখ্যাত ম্যাক্সওয়েল ব্রান্ডের ইলেকট্রিক ওয়াটার হিটার। আকর্ষণীয় ডিজাইনের এই হিটার বাসা বাড়ি ও যেকোন ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে। ২০ থেকে ৫০ লিটার পর্যন্ত ধারণ ক্ষমতার বিভিন্ন মডেলের ওয়াটার হিটার আপনার দৈনন্দিন জীবন যাপন সহজ করবে। এই হিটারে সংযুক্ত স্বয়ংক্রিয় তাপমাত্রা ও অতিরিক্ত তাপমাত্রা সুরক্ষা ব্যবস্থা বিদ্যুৎ খরচ বাঁচায় ও সঞ্চয় করে। ওয়াটার হিটারের পানির তাপমাত্রা ৫৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে রাখা নিরাপদ। আকর্ষণীয় মূল্যে দেশব্যাপি পিএনএল ডিসপ্লে এন্ড সেলস সেন্টারের সকল শো-রুমে বর্তমানে এই ওয়াটার হিটার পাওয়া যাচ্ছে।


## ঢাকায় হালদা ভ্যালির কর্পোরেট অফিস উদ্বোধন



গুলশান এভেনিউতে সম্প্রতি হালদা ভ্যালির নতুন সেলস এন্ড মার্কেটিং কর্পোরেট অফিস চালু হয়েছে। হালদা ভ্যালির নতুন অফিস উদ্বোধন করেন পেডরোলো এনকে লিমিটেডের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান। এসময় আরো উপস্থিত ছিলেন হালদা ভ্যালি ফুড এন্ড বেভারেজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ডাঃ শামীম খান, পিএনএল হোল্ডিংস লিমিটেডের পরিচালক জনাব ইমরান খান এবং প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ।

## এযেডনিওর সাথে রূপায়ন যন্ত্রালয়ের চুক্তি সই

পেডরোলো এনকে লিমিটেডের সম্মানিত পরিবেশক ও প্রতিষ্ঠিত ব্যবসা প্রতিষ্ঠান রূপায়ন যন্ত্রালয়ের সাথে শীর্ষস্থানীয় কনসালটেন্সি প্রতিষ্ঠান এযেডনিও লিমিটেডের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় রূপায়ন যন্ত্রালয়ের বিক্রয় সেবা, আর্থিক হিসাব নিকাশ ও ব্যবসায়িক কার্যক্রম সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে রূপান্তর করবে




এযেডনিও লিমিটেড। পণ্যের অতিরিক্ত মজুদ ও হারানো আজকাল অনেক প্রতিষ্ঠানের ব্যবসায়িক সমৃদ্ধির প্রধান অন্তরায়। এই পদ্ধতি রূপায়ন যন্ত্রালয়কে পণ্যের সঠিক মজুদের তথ্য পেতে সাহায্য করবে এবং ব্যবসার সমৃদ্ধিতে গ্রাহকের সাথে গুরুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করবে। যার মাধ্যমে রূপায়ন যন্ত্রালয় তার মূল্যবান গ্রাহকদের সনাক্ত করে প্রয়োজনীয় অফার দিতে পারবে। তাছাড়া এই পদ্ধতি পণ্যের সঠিক মূল্য নির্ধারণে ও স্বয়ংক্রিয় ব্যবস্থায় প্রাপ্ত নির্ভুল তথ্য প্রতিষ্ঠানের মালিককে আরো কার্যকরভাবে ব্যবসা কার্যক্রম পরিচালনা এবং গ্রাহককে পরিপূর্ণ সেবা দিতে সহায়তা করবে।


বার্তা সম্পাদকীয়, প্রকাশনা ও পরিচালনায়ঃ এযেডনিও লিমিটেড (বিজনেস প্রসেস আউটসোর্সিং এজেন্সী) www.az-neo.com